



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৯ মে ২০১৮ খ্রি.

বিনাঘাস প্রকল্প বাস্তবায়নে সিটি মেয়রের সাথে থাই রাষ্ট্রদূতের বৈঠক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে ০৯ মে ২০১৮ খ্রি. দুপুরে নগরভবনে সম্মেলন কক্ষে থাইল্যান্ডের রাষ্ট্রদূত Ms. Panpimon Suwannapongse এর নেতৃত্বে Vetiver Grass প্রকল্প বাস্তবায়নে বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বিনাঘাস এর পাইলট প্রকল্প বাস্তবায়নে থাইল্যান্ড রাজকীয় পাতানা ফাউন্ডেশন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও বুয়েট যৌথভাবে কাজ করার সিদ্ধান্ত গ্রহণ করেন। এ লক্ষে প্রাথমিকভাবে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বাটালি হিলে এ প্রকল্প উদ্বোধন হতে যাচ্ছে। বাঙালি বিজ্ঞানি ড. শরীফুল ইসলামের উদ্ভাবিত বিনাঘাস থাইল্যান্ডে ব্যাপক সফলতা অর্জন করায় বাংলাদেশের চট্টগ্রামে থাইল্যান্ড রাজকন্যা প্রফেসরকে নিয়ে বিনাঘাস প্রকল্প বাস্তবায়ন করেছেন। আগামী ৩০ মে থাইল্যান্ডের রাজকন্যা চট্টগ্রামে এসে Vetiver নার্সারী Vetiver center ও Pavilion উদ্বোধন করবেন বলে আশা করা যাচ্ছে।

বৈঠকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, প্রধান পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, বুয়েট অধ্যাপক ড. শরিফুল ইসলাম, থাইল্যান্ডের অনারারি কনস্যুল আমির হুমায়েন মাহমুদ চৌধুরী, পিএইচপি ফ্যামিলি ভাইস চেয়ারম্যান মোহাম্মদ মহসিন সহ রাষ্ট্রদূতের সফরসঙ্গী উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ৯ মে ২০১৮ খ্রি.

এই বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠিত হলে শুধু চট্টগ্রাম নয় বাংলাদেশের
ভাবমূর্তিও বিশ্বের কাছে নতুন রূপ লাভ করবে
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি,
বাংলাদেশের মতবিনিময় সভায় মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, এই বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠিত হলে শুধু চট্টগ্রাম নয় বাংলাদেশের ভাবমূর্তিও বিশ্বের কাছে নতুন রূপ লাভ করবে। এই প্রতিষ্ঠানে বিশ্বের বিভিন্ন দেশের শিক্ষার্থীরা অধ্যয়ন করবে। মেরিটাইম বৈষয়িক বিভিন্ন দেশের শিক্ষকরা এখানে ক্লাস করাবেন। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিকতা ও সদৃষ্টিতার জন্য তিনি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় নির্মাণে সহায়ক অংশগ্রহণ হিসেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে প্রকল্প সংলগ্ন খালে একটি কালভার্ট ও শিল্প এলাকার সড়কটির আধুনিকায়ন করা হবে। ৯ মে ২০১৮ খ্রি. বুধবার, সকালে চান্দগাঁওস্থ কালুরঘাট ভারী শিল্প এলাকার হাজী সাবের আহমেদ কন্টেইনার ইয়ার্ড লি.সংলগ্ন স্থানে এলাকাবাসীর অংশগ্রহণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশের এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন অত্র বিশ্ববিদ্যালয়ের উপচার্য রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, বিএসপি, এনডিসি, পিএসসি। মতবিনিময়ে প্রধান বক্তা ছিলেন সংসদ সদস্য মঈন উদ্দিন খান বাদল। সভায় কমান্ডার নাজমুল হাসান বিশ্ববিদ্যালয় প্রকল্পের নকশা পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন। এসময় নৌবাহিনী কমান্ডার মো. আসলাম, মুক্তিযোদ্ধা কমান্ডার মো. শাহাবুদ্দিন, আবুল হাশেম, কাউন্সিলর কফিল উদ্দিন, মো. আজম, সাইফুদ্দিন খালেদ, ওয়াসা প্রকৌশলী মো. রেজাউল হাসান প্রমুখ মতবিনিময় করেন। উল্লেখ্য চট্টগ্রামের চান্দগাঁও ওয়ার্ড কালুরঘাট ভারী শিল্প এলাকার হামিদচরে নির্মিত হতে যাচ্ছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি। ১০৬ একর জায়গার উপর ৯৬৯ কোটি টাকা ব্যয়ে নির্মিত হতে যাচ্ছে এই বিশ্ববিদ্যালয়। ইতোমধ্যে প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। ডিপিপি অনুমোদিত হলেই প্রকল্পের প্রথম ধাপের কাজ শুরু হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা। আগামী ২০২১ সাল নাগাদ প্রথম ধাপের কাজ সম্পন্নের মেয়াদ নির্ধারণ করা হয়েছে।

এই বিশ্ববিদ্যালয়ে নদী, উপকূলীয় ও মহাসাগরীয় আইন এবং প্রকৌশলের উপর ৭টি অনুষদের অধীনে ৩৮টি বিভাগ খোলার পরিকল্পনা রয়েছে। তবে ২০১৩ সালে ঢাকার মিরপুর পল্লবীতে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস স্থাপনের মধ্য দিয়ে এর আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়েছে সভায় প্রধান বক্তার বক্তব্যে সাংসদ মঈন উদ্দিন খান বাদল এমপি বলেছেন, সারা পৃথিবীতে মাত্র ১২টি মেরিটাইম বিশ্ববিদ্যালয়

রয়েছে। এখন বাংলাদেশ এই সংখ্যায় নতুন যুক্ত হতে যাচ্ছে। এই সাফল্য সমগ্র চান্দগাঁওবাসীর। এই সাফল্যের হাত ধরে এই এলাকায় শিক্ষা,সংস্কৃতি,ব্যবসা,বাণিজ্যসহ নানামুখী সম্ভাবনার নতুন দুয়ার উন্মুক্ত হবে। সভাপতির বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ' র ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল বলেন, মেরিটাইম ক্ষেত্রে সুদূরপ্রসারী সম্ভাবনা ও উন্নয়নের কথা বিবেচনায় রেখে বর্তমান সরকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি সময়োপযোগী ভূমিকা রাখবে। মাননীয় প্রধানমন্ত্রী সম্প্রতি এই বিশ্ববিদ্যালয় নির্মাণ প্রকল্প বাস্তবায়নের ব্যাপারে অনুমতি প্রদান করেছেন। বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠিত হলে মেরিটাইম বিষয়ে উচ্চ শিক্ষায় শিক্ষিত ও দক্ষ জনবল তৈরিতে বাংলাদেশ বিশ্ব দরবারে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। ইতোমধ্যে জনবল কাঠামো আবেদনের বিপরীতে বিশ্ববিদ্যালয়ের জন্য ৭৮৭জন শিক্ষক নিয়োগের অনুমোদন পাওয়া গেছে। এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে মেরিটাইম ক্ষেত্রে সমগ্র চট্টগ্রাম তথা বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হবে। মহান স্বাধীনতা সংগ্রামে ২৬শে মার্চ এই চান্দগাঁওয়ের কালুরঘাট বেতার কেন্দ্র থেকে এম এ হান্নান বঙ্গবন্ধুর পক্ষে বাঙালির স্বাধীনতা ঘোষণা করেছেন। যতদিন বাংলাদেশ থাকবে ততদিন কালুরঘাট ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন